

সুপ্রীম কোর্ট বার জবরদখলকারী অবৈধ এড হক কমিটি কর্তৃক নজিরবিহীন অগণতান্ত্রিক, অসাংবিধানিক, অবৈধ, স্বৈরাচারী ও প্রহসনমূলক নির্বাচনে বৈধ প্রার্থীদের মনোনয়ন বাতিলের প্রতিবাদে বিভিন্ন পদের প্রার্থীদের প্রেস ব্রিফিং।

স্থান: সুপ্রীম কোর্ট এনেক্স ভবনের সামনে।

তারিখ ও সময়: ২৯ এপ্রিল দুপুর ১.১৫ ঘটিকায়।

প্রিয় ইলেকট্রনিক্স মিডিয়া ও প্রিন্ট মিডিয়া এর সাংবাদিকবৃন্দ, সুপ্রীম কোর্ট বার নির্বাচন (২৬-২৭) মনোনয়ন বাতিলকৃত বিভিন্ন পদের প্রার্থীবৃন্দ প্রার্থীর পক্ষে উপস্থিত প্রস্তাবক ও সমর্থকবৃন্দ। আমাদের স্বল্প সময়ের মধ্যে ভারুয়ালী জ্ঞাত করানো মধ্য দিয়ে যে সমস্ত সাংবাদিকবৃন্দ উপস্থিত হয়েছেন তাদের সকলকে কৃতজ্ঞতা জানাচ্ছি।


সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন এর ৭৭ বছরের গৌরব উজ্জ্বল ইতিহাস ও ঐতিহ্য রয়েছে। সেই ইতিহাস ও ঐতিহ্যের ধারাবাহিকতায় সুপ্রীম কোর্ট বারে (২৬-২৭) এর নির্বাচন ১৩-১৪ মে ২০২৬ এ হওয়ার কথা আছে। ইতিমধ্যে সুষ্ঠুভাবে নির্বাচন করার লক্ষ্যে বিচারপতি মিসফতাহ উদ্দিন চৌধুরীকে আহ্বায়ক করে নির্বাচন পরিচালনা সাব-কমিটি গঠন করা হয়েছে। গতকাল বিকাল ৫.৩০ ঘটিকায় প্রার্থীবৃন্দের উপস্থিতিতে মনোনয়ন যাচাই বাছাই এর দিন ধার্য ছিল। উক্ত যাচাই-বাছাই সুপ্রীম কোর্ট বার অডিটরিয়ামে ৬.৫০ মি. অনুষ্ঠিত হয়। যেখানে নির্বাচন

*Md. Anwarul Haque Chowdhury*  
Senior Advocate  
Supreme Court of Bangladesh  
Room No-213, 1st Floor  
Supreme Court Bar Association Building

পরিচালনা সাব-কমিটির আহ্বায়ক ও অন্য ০২ (দুই) সদস্যের অনুপস্থিতিতে যাচাই-বাছাই ব্যতীত ভারপ্রাপ্ত সম্পাদক শুরুতে ঘোষণা দেন, গত ২৬ এপ্রিল, ২০২৬ বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক আওয়ামীলীগ ও তার সহযোগী সংগঠন এর কার্যক্রম ১২ মে, ২০২৫ এর প্রজ্ঞাপন ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী ২০২৬) অনুযায়ী তাদের প্রার্থীতা বাতিল হয়েছে এবং বারের সংবিধান অনুযায়ী মনোনয়ন সংক্রান্ত বিতর্কিত প্রশ্নে বারের সম্পাদকের একক ক্ষমতা উল্লেখে তিনি সরাসরি যাচাই-বাছাই না করে শুধুমাত্র বৈধ প্রার্থীদের নাম ঘোষণা করা হবে মর্মে প্রকাশ করেন। পরবর্তীতে কোন মনোনয়ন পত্র যাচাই-বাছাই ছাড়া ভারপ্রাপ্ত সম্পাদকের ঘোষণা অনুযায়ী কথিত এডহক কমিটির সহ-সভাপতি ও সাব-কমিটির সদস্য হুমায়ুন কবির মঞ্জু (বর্তমান ডি.এ.জি.) প্রায় ৪০ এর অধিক প্রার্থীদের মনোনয়ন সংবিধান অনুযায়ী বৈধ থাকা স্বত্বেও মনোনয়নকে বৈধ ঘোষণা না দিয়ে রাজনৈতিক স্বার্থে মনগড়া কিছু মনোনয়ন ঘোষণা করতে শুরু করেন। এতে বাতিলকৃত বা বৈধ মনোনয়ন থাকা স্বত্বেও ঘোষণা না দেওয়ায় হল রুম থেকে উক্ত প্রার্থীবৃন্দ হল ত্যাগ করেন। এতে অপ্রীতিকর অবস্থার সৃষ্টি হয়। বারের ৭৭ বছরের প্রথা অনুযায়ী নির্বাচন সাব-কমিটি উক্ত যাচাই-বাছাই সব সময় নির্বাচন পরিচালনা সাব কমিটি প্রকাশ্যে প্রার্থীসহ সাধারণ সদস্যদের উপস্থিতিতে করে থাকেন এবং বৈধ এবং বাতিলকৃত প্রার্থীদের নাম ঘোষণা করেন। প্রার্থীবৃন্দ সকলেই সতন্ত্রভাবে মনোনয়নপত্র বারের অফিসে যেয়ে দাখিল করেন। কেউ কোন দলের বা সংগঠনের

*Md. Minsurul Haque Chowdhury*  
Senior Advocate  
Supreme Court of Bangladesh  
Room No-213, 1st Floor  
Supreme Court Bar Association Building

পক্ষ থেকে দলবদ্ধ হয়ে কোন মনোনয়ন দাখিল করেন নাই। ২৬ এপ্রিল, ২০২৬  
বারের তথাকথিত বিশেষ সাধারণ সভার নোটিশ কোন প্রার্থীকে না দিয়ে এডহক  
কমিটি ১১.৫০ মিনিট ম্যাসেজ দিয়ে বেলা ১.১৫ মিনিট মনগড়া সভা করে সিদ্ধান্ত  
গ্রহন করেন, যাহা অবৈধ ও নিন্দনীয়। উৎসবমুখর আমেজের মধ্যে দিয়ে বারের  
দীর্ঘদিনের স্বচ্ছ নিরপেক্ষ অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠিত হয়। কিন্তু বারের  
সংবিধান ও নিয়ম ভঙ্গ করে এবং সাংবিধানিক অধিকার থেকে বঞ্চিত করে এডহক  
কমিটির সরাসরি কোন যাচাই-বাছাই না করে, ৪০ এর অধিক সংখ্যক প্রার্থীদের  
নির্বাচন থেকে দূরে রাখার অপপ্রয়াশ, অসাংবিধানিক, অগণতান্ত্রিক, ন্যায় বিচারের  
পরিপন্থি। এড হক কমিটি কর্তৃক নজির বিহীন ও প্রহসনমূলক নির্বাচন সুপ্রীম  
কোর্টের ৭৭ বছরের ইতিহাসে কলঙ্কজনক অধ্যায় হয়ে থাকবে। প্রার্থীসহ সাধারণ  
আইনজীবীদের প্রত্যাশা, সকল প্রার্থীদের অংশগ্রহণের সুযোগ দিয়ে বিশেষ সাধারণ  
সভার কথিত সিদ্ধান্ত পুনঃবিবেচনা করে, উক্ত সিদ্ধান্ত বাতিলপূর্বক সাব-কমিটি দিয়ে  
পুনঃযাচাই-বাছাই করে সাধারণ আইনজীবীদের প্রত্যাশিত অংশগ্রহণমূলক স্বচ্ছ  
নির্বাচন আয়োজন করবেন বলে আমাদের বিশ্বাস।

  
29.4.26  
Md. Ansurul Hoque Chowdhury  
Senior Advocate  
Supreme Court of Bangladesh  
Room No-213, 1st Floor  
Supreme Court Bar Association Building